# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 29 June, 2025

ছোট পর্দার জনপ্রিয় অভিনেতা ফারহান আহমেদ জোভান অসুস্থতার মধ্যে দিয়ে যাচ্ছেন। শনিবার দিবাগত রাতে এক ফেসবুক পোস্টে নিজের শারীরিক সমস্যার কথা জানান এই অভিনেতা।তিনি দীর্ঘদিন ধরে মাইগ্রেনে ভুগছেন এবং এই ব্যথা তার দৈনন্দিন জীবনকে কঠিন করে তুলছে বলে জানিয়েছেন।

ফেসবুক পোস্টে জোভান লেখেন–

"আমার মাইগ্রেন আছে, আমার সাথে ভালো ব্যবহার করুন। আমরা ভালো থাকিই বা কয়দিন?"

তিনি আরও লেখেন, "বেশি গরম পড়লে আমাদের মাথা ব্যাথা করে, আবার বেশি শীত পড়লেও মাথা ব্যাথা করে।এখন বৃষ্টির সিজন–বৃষ্টির পানি মাথায় পড়লেও মাথা ব্যাথা করে।"

মাইগ্রেনের তীব্রতা বোঝাতে তিনি বলেন,

"রোদে গেলে বাড়ে, আগুনের তাপে বাড়ে, চোখে আলো পড়লে বাড়ে, খুব সাউন্ডে বাড়ে... একটু এদিক সেদিক হলেই ব্যথা এসে হাজির!"

সবশেষে জোভান মাইগ্রেন আক্রান্ত মানুষদের জন্য সহানুভূতি কামনা করে লেখেন,

"যাদের মাইগ্রেন আছে, তাদের একটু স্পেশাল কেয়ার করা উচিত! আমাদের জীবনে কিন্তু শান্তি খুব কম থাকে।"

মাইগ্রেন সম্পর্কে সংক্ষেপে:

মাইগ্রেন হলো একধরনের তীব্র মাথাব্যথা যা আলো, শব্দ বা আবহাওয়ার পরিবর্তনের মতো সাধারণ উদ্দীপনায়ও বাড়তে পারে। এটি একটি নিউরোলজিক্যাল ডিজঅর্ডার, যার কোনো স্থায়ী চিকিৎসা নেই, তবে নিয়মিত সচেতনতা ও পরিচর্যায় এটি নিয়ন্ত্রণে রাখা সম্ভব।

ফারহান আহমেদ জোভান মাইগ্রেন অসুস্থ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 04:32

URL: https://www.timestodaybd.com/entertainment/7758073909